Registered No. WB/SC-247

No. WB(Part-IV)/2010/SAR-17

# The Kolkata Gazette

सत्यमेव जयते

*Extraordinary*

Published by Authority

ASADHA 11] FRIDAY, JULY 2, 2010 [SAKA 1932

PART IV—Bills introduced in the West Bengal Legislative Assembly; Reports of Select Committees presented or to be presented to that Assembly; and Bills published before introduction in that Assembly.

**GOVERNMENT OF WEST BENGAL**

**LAW DEPARTMENT**

**Legislative**

NOTIFICATION

No. 1036-L.—2nd July, 2010.—The Governor having been pleased to order, under rule 66 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the publication of the following Bill, together with the Statement of Objects and Reasons which accompanies it, in the *Kolkata Gazette*, the Bill and the Statement of Objects and Reasons are accordingly hereby published for general information:—

## Bill No. 20 of 2010

**THE INDIAN STAMP (WEST BENGAL AMENDMENT) BILL, 2010.**

## A

## BILL

*to amend the Indian Stamp Act, 1899, in its application to West Bengal.*

WHEREAS it is expedient to amend the Indian Stamp Act, 1899, in its application to West Bengal, for the purposes and in the manner hereinafter appearing; 2 of 1899.

It is hereby enacted in the Sixty-first Year of the Republic of India, by the Legislature of West Bengal, as follows:—

Short title and commencement.

**1.** (1) This Act may be called the Indian Stamp (West Bengal Amendment) Act, 2010.

(2) It shall come into force on such date as the State Government may, by notification in the *Official Gazette*, appoint.

*The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2010.*

(*Clauses 2-5.*)

Application of the Act.

**2.** The Indian Stamp Act, 1899 (hereinafter referred to as the principal Act) shall, in its application to West Bengal, be amended for the purposes and in the manner hereinafter provided.

Amendment of section 2 of Act 2 of 1899.

**3.** In section 2 of the principal Act,—

(1) in clause (10),—

(a) for the words "and every instrument", the words and figures ", every instrument and every decree or final order of any Civil Court or every order made by the Tribunal under section 394 of the Companies Act, 1956, in respect of amalgamation, merger, reconstruction, or demerger of companies, other than amalgamation, merger, reconstruction or demerger, of two banking companies or a banking company with a non-banking financial company" shall be substituted; and 1 of 1956.

(b) for the words "is transferred", the words "or any estate or interest in any property is transferred to, or vested in any other person," shall be substituted;

(2) in clause (11), for the words "for the time being in force in India:", the words, figures and brackets "for the time being in force in India, and includes an instrument which bears impression of stamps under sub-section (3) of section 10;" shall be substituted;

(3) after clause (17), the following clause shall be inserted:—

'(17A) "notification" means a notification published in the *Official Gazette*;'.

Amendment of section 10.

**4.** In section 10 of the principal Act, after sub-section (2), the following sub-sections shall be inserted:—

"(3) Subject to the rule made under clause (b) of sub-section (1), the State Government may, by notification, specify the instrument on which duty may be paid by using machine for making impression indicating the value of stamp-duty paid.

(4) The Chief Controlling Revenue Authority or any other officer empowered by the State Government in this behalf, may, by notification, authorise any person, body, organisation, treasury, or treasury linked bank including post offices and banks to use machine for making impressions indicating the value of stamp-duty paid, for the purpose of sub-section (3).".

Amendment of section 47A.

**5.** In section 47A of the principal Act,—

(1) in sub-section (1), after clause (g), the following clause shall be inserted:—

"(ga) lease, including a under-lease or a sub-lease and any agreement to let or sublet for a period exceeding thirty years,";

(2) in sub-section (4), for the words, letter and brackets "or clause (g)", the words, letters and brackets "clause (g), or clause (ga)" shall be substituted;

(3) in clause (a) of the proviso to sub-section (8), for the words, letter and brackets "or clause (g),", the words, letters and brackets "clause (g), or clause (ga)," shall be substituted.

*The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2010.*

(*Clause 6.*)

Amendment of Schedule IA.

**6.** In Schedule IA to the principal Act,—

(1) in article 23, in the column under the heading "Description of Instruments", after the words, fugures and brackets "as defined by section 2(10),", the words, figures and letter "not being a conveyance under No. 23A and" shall be inserted;

(2) after article 23, the following article in the first column and entries relating thereto in the second column shall be inserted:—

| | |
|---|---|
| "23A. **Conveyance,** in respect of amalgamation, merger, reconstruction, or demerger, of companies, other than amalgamation, merger, reconstruction or demerger, of two banking companies or a banking company with a non-banking financial company, executed on the basis of decree or final order of any Civil Court or every order made by the Tribunal under section 394 of the Companies Act, 1956, as defined by section 2(10), not being a transfer charged or exempted under No. 62, on the market value of the property which is the subject-matter of the conveyance, when the property of the transferor company located in the State of West Bengal is transferred to the transferee company by way of such amalgamation, merger, reconstruction, or demerger or companies under the decree or final order of any Civil Court or every order of the Tribunal under section 394 of the Companies Act, 1956. | The same duty as a Conveyance (No. 23) on the aggregate of the market value of the sahres issued or allotted, in exchange or otherwise, and the amount of consideration paid—<br>(a) by the transferee company, for such amalgamation or merger:<br>Provided that the amount of such duty chargeable under this article shall not exceed—<br>(i) an amount equal to two *per centum* of the true market value of the immovable property located within the State of West Bengal of the transferor company, or<br>(ii) an amount equal to half *per centum* of the aggregate of the market value of the shares issued or allotted, in exchange or otherwise, and the amount of consideration paid by such transferor company, for such amalgamation,<br>whichever is higher;<br>(b) by the resulting company, for such reconstruction or demerger:<br>Provided that in case of reconstruction or demerger, the amount of such duty chargeable under this item shall not exceed—<br>(i) an amount equal to two *per centum* of the true market value of the immovable property located within the State of West Bengal of the transferor company, or<br>(ii) an amount equal to half *per centum* of the aggregate of the market value of the shares issued or allotted, to the resulting company and the amount of consideration paid for such demerger,<br>whichever is higher."; |

1 of 1956.

*The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2010.*

(*Clause 6.*)

(3) in article 35,—

(a) for item (a) and the entries relating thereto, the following item and the entries relating thereto shall be substituted:—

| | |
|---|---|
| "(a) where by such lease the rent is fixed and no premium is paid or delivered— | |
| (i) where the lease purports to be for a term not exceeding one year; | The same duty as a Bottomry Bond (No. 16) for the whole amount paid, payable or deliverable under such lease. |
| (ii) where the lease purports to be for a term exceeding one year but not exceeding ten years; | The same duty as a Conveyance (No. 23) for a consideration equal to twice the amount or value of the average annual rent reserved. |
| (iii) where the lease purports to be for a term exceeding ten years but not exceeding thirty years; | The same duty as a Conveyance (No. 23) for a consideration equal to three times the amount or value of the average annual rent reserved. |
| (iv) where the lease purports to be for a term exceeding thirty years and for any term renewed. | The same duty as a Conveyance (No. 23) on the market value of the property which is the subject-matter of the lease."; |

(b) for item (b) and the entries relating thereto, the following item and the entries relating thereto shall be substituted:—

| | |
|---|---|
| "(b) where such lease is granted for a fine or premium, or for money advanced, or for security charges advanced, and where no rent is reserved— | |
| (i) where the lease purports to be for a term not exceeding thirty years; | The same duty as a Conveyance (No. 23) for a consideration equal to the amount or the value of such fine or premium or money advanced, or security charges advanced, as set forth in the lease. |
| (ii) where the lease purports to be for a term exceeding thirty years and for any term renewed or in perpetuity or where no term is mentioned. | The same duty as a Conveyance (No. 23) on the market value of the property which is the subject-matter of the lease."; |

*The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2010.*

(*Clause 6.*)

(c) for item (c) and the entries relating thereto, the following item and the entries relating thereto shall be substituted:—

| | |
|---|---|
| "(c) where such lease is granted for a fine or premium, or for money advanced, or for development charges advanced, or for security charges advanced, in addition to rent reserved— | |
| (i) where the lease purports to be for a term not exceeding thirty years; | The same duty as a Conveyance (No. 23) for a consideration equal to the amount or value of such fine or permium or advance as set forth in such lease, in addition to the duty which would have been payable on such lease, if no fine or premium or advance had been paid or delivered. |
| (ii) where the lease purports to be for a term exceeding thirty years and for any term renewed or in perpetuity or where no term is mentioned. | The same duty as a Conveyance (No. 23) on the market value of the property which is the subject-matter of the lease: Provided that in any case, when an agreement for a lease or a lease in pursuance of such agreement is subsequently executed, the duty on such lease shall not exceed rupees ten."; |

(d) existing *Explanation* shall be renumbered as *Explanation I* and after *Explanation I* as so renumbered, the following *Explanations* shall be inserted:—

'*Explanation II.*—The expressions "the lease purports to be for a term" and "for any term renewed" referred to in items (a)(iv) or (b)(ii) or (c)(ii), shall include not only the period stated in the lease document but shall also be deemed to be the sum of such stated period and all previous or subsequent periods immediately preceding or succeeding the stated period respectively without any break for which the lessee, and the lessor, remained the same.

*Explanation III.*—The stamp-duty chargeable on market value of the lease for a term exceeding thirty years, and for any term renewed, shall be the amount of stamp-duty less stamp-duty already paid for all previous period immediately preceding the stated period without a break for which the lessee and lessor remained the same.';

(4) for article 61 in the first column and the entries relating thereto, in the second column, the following article in the first column and entries relating thereto in the second column shall be substituted:—

| | |
|---|---|
| "61. Surrender of the lease, when such lease is chargeable with duty; | Rupees one hundred irrespective of the term of lease.". |
| *Exemption.* Surrender of the lease, when such lease is exempted from duty. | |

*The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2010.*

## STATEMENT OF OBJECTS AND REASONS.

The Bill seeks to amend the Indian Stamp Act, 1899 (2 of 1899), in its application to West Bengal, in order to—

(a) facilitate speedy registration of the instrument through machine which is, now, allowed to be used for making impression of stamps indicating the payment of stamp-duty;

(b) charge stamp-duty where there is amalgamation, merger, reconstruction or demerger, of companies, other than amalgamation, merger, reconstruction or demerger, of two banking companies or a banking company with a non-banking financial company, under the decree or final order of any Civil Court or every order of the Tribunal under section 394 of the Companies Act, 1956 (1 of 1956);

(c) charge stamp-duty for registration of lease deed, where such lease purports to be for a term exceeding thirty years and for any term renewed, on the basis of the market value of the property, which is the subject-matter of the lease.

2. Since the President of India has been pleased to withhold his assent from the Indian Stamp (West Bengal Amendment) Bill, 2003 (Bill No. 38 of 2003), with a view to seeking modification in item (a) of sub-clause (1) of clause 3 of the said Bill, the definition of the term "conveyance" is, accordingly, amended in this Bill.

3. The Bill has been framed with the above objects in view.

4. There is no financial implication involved in the Bill.

Kolkata,
*The 1st July, 2010.*

ASIM KUMAR DASGUPTA,
*Member-in-charge.*

---

By order of the Governor,

MITA BASU ROY,
*Pr. Secy. to the Govt. of West Bengal,*
*Law Department.*

Published by the Controller of Printing and Stationery, West Bengal and printed at Saraswaty Press Ltd.
(Government of West Bengal Enterprise), Kolkata 700 056

বাংলা অনুবাদ সংখ্যা—৮

# পশ্চিমবঙ্গ সরকার

বিধি (সরকারী ভাষা) বিভাগ

২০১০ খ্রীষ্টাব্দের ২০ নং বিধেয়ক

[Bill No. 20 of 2010]

# ভারতীয় স্ট্যাম্প (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ২০১০।

**[The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2010.]**

উদ্দেশ্য ও হেতুর বিবরণ সহ।

*(২রা জুলাই, ২০১০)*

# ২০১০ খ্রীষ্টাব্দের ২০ নং বিধেয়ক
[Bill No. 20 of 2010]

## ভারতীয় স্ট্যাম্প (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ২০১০।
[The Indian Stamp (West Bengal Amendment) Bill, 2010.]

*ভারতীয় স্ট্যাম্প আইন, ১৮৯৯, পশ্চিমবঙ্গে উহার প্রয়োগ সম্পর্কে, সংশোধনার্থ বিধেয়ক।*

যেহেতু ভারতীয় স্ট্যাম্প আইন, ১৮৯৯, পশ্চিমবঙ্গে উহার প্রয়োগ সম্পর্কে, অতঃপর লিখিত উদ্দেশ্যে ও প্রণালীতে সংশোধন করা সঙ্গত; ১৮৯৯-এর ২।

অতএব ভারত সাধারণতন্ত্রের একষষ্টিতম বর্ষে পশ্চিমবঙ্গের বিধানমণ্ডল কর্তৃক এতদ্দ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল ঃ—

সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ।

১। (১) এই আইন ভারতীয় স্ট্যাম্প (পশ্চিমবঙ্গ সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা, রাজ্য সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখে বলবৎ হইবে।

আইনের প্রয়োগ।

২। ভারতীয় স্ট্যাম্প আইন, ১৮৯৯ (অতঃপর মূল আইন বলিয়া উল্লিখিত), পশ্চিমবঙ্গে উহার প্রয়োগ সম্পর্কে, অতঃপর ব্যবস্থিত উদ্দেশ্যে ও প্রণালীতে সংশোধিত হইবে।

১৮৯৯-এর ২ আইনের ২ ধারার সংশোধন।

৩। মূল আইনের ২ ধারায়,—

(১) (১০) প্রকরণে,

(ক) ''এবং প্রত্যেক সংলেখ'' এই শব্দসমূহের স্থলে, ''দুইটি ব্যাংকিং কোম্পানীর বা একটি ব্যাংকিং আর্থিক কোম্পানীর সহিত একটি ব্যাংকিং কোম্পানীর একত্রীকরণ, মিলন, পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণ, ভিন্ন কোম্পানীসমূহের একত্রীকরণ, মিলন, পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণ সম্পর্কে প্রত্যেক সাধনপত্র এবং প্রত্যেক ডিক্রি বা কোন দেওয়ানী আদালতের চূড়ান্ত আদেশ বা কোম্পানী আইন, ১৯৫৬-র ৩৯৪ ধারা অনুযায়ী ট্রাইবিউন্যাল কর্তৃক প্রদত্ত প্রত্যেক আদেশ'' এই শব্দসমূহ ও সংখ্যাসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং ১৯৫৬-র ১।

(খ) ''হস্তান্তরিত হয়'' এই শব্দসমূহের স্থলে, ''বা অন্য কোন ব্যক্তিকে হস্তান্তরিত বা তৎপ্রতি বর্তাইয়াছে এরূপ কোন সম্পত্তিতে কোন এস্টেট বা স্বার্থ'' এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(২) (১১) প্রকরণে, ''ভারতে তৎসময়ে বলবৎ'' এই শব্দসমূহের স্থলে, ''ভারতে তৎসময়ে বলবৎ, এবং ১০ ধারার (৩) উপধারা অনুযায়ী এরূপ কোন সাধনপত্রকে অন্তর্ভুক্ত করে যাহাতে স্ট্যাম্পসমূহের ছাপ থাকে;'' এই শব্দসমূহ, সংখ্যাসমূহ, অক্ষর ও বন্ধনীসমূহ প্রতিস্থাপিত হইবে;

(৩) (১৭) প্রকরণের পর, নিম্নলিখিত প্রকরণ সন্নিবেশিত হইবে ঃ—

'(১৭ক) ''প্রজ্ঞাপন'' বলিতে, সরকারী গেজেটে প্রকাশিত কোন প্রজ্ঞাপন বুঝায়;'।

১০ ধারার সংশোধন।

৪। মূল আইনের ১০ ধারায়, (২) উপধারার পর, নিম্নলিখিত উপধারা সন্নিবেশিত হইবে ঃ—

"(৩) (১) উপধারার (খ) প্রকরণের অধীনে প্রণীত নিয়ম সাপেক্ষে, রাজ্য সরকার, প্রজ্ঞাপন দ্বারা এরূপ সাধনপত্র বিনির্দিষ্ট করিবেন যে সাধনপত্রের উপর প্রদত্ত স্ট্যাম্প-শুল্কের মূল্য নির্দেশক্রমে ছাপ দিবার জন্য যন্ত্র ব্যবহার করিয়া শুল্ক প্রদত্ত হইবে।

(৪) (৩) উপধারার প্রয়োজনে, মুখ্য রাজস্ব নিয়ামক প্রাধিকারী বা রাজ্য সরকার কর্তৃক এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন আধিকারিক, প্রদত্ত স্ট্যাম্প-শুল্কের মূল্য নির্দেশক্রমে ছাপ দিবার উদ্দেশ্যে যন্ত্র ব্যবহারের জন্য, প্রজ্ঞাপন দ্বারা, কোন ব্যক্তি, সংস্থা, সংগঠন, কোষাগার, বা, ডাকঘর ও ব্যাংকসমূহ সহ কোষাগারের সহিত সংযুক্ত ব্যাংককে প্রাধিকৃত করিতে পারিবেন।"।

৪৭ক ধারার সংশোধন।

৫। মূল আইনের ৪৭ক ধারায়,—

(১) (১) উপধারায়, (ছ) প্রকরণের পর, নিম্নলিখিত প্রকরণ সন্নিবেশিত হইবে ঃ—

"(ছক) ত্রিশ বছরের অধিক কোন সময়সীমার জন্য কোন অবর-পাট্টা বা কোন উপ-পাট্টা সহ পাট্টা এবং ভাড়া দিবার বা উপভাড়া দিবার জন্য কোন চুক্তি;";

(২) (৪) উপধারায়, "বা (ছ) প্রকরণ" এই শব্দসমূহ, অক্ষর ও বন্ধনীসমূহের স্থলে, "(ছ) প্রকরণ, বা (ছক) প্রকরণ" এই শব্দসমূহ, অক্ষর ও বন্ধনীসমূহ প্রতিস্থাপিত হইবে;

(৩) (৮) উপধারার অনুবিধির (ক) প্রকরণে, "বা (ছ) প্রকরণ" এই শব্দসমূহ, অক্ষর ও বন্ধনীসমূহের স্থলে, "(ছ) প্রকরণ, বা (ছক) প্রকরণ," এই শব্দসমূহ, অক্ষরসমূহ ও বন্ধনীসমূহ প্রতিস্থাপিত হইবে।

তফসিল ১ক-এর সংশোধন।

৬। মূল আইনের তফসিল ১ক-এ,—

(১) ২৩ অনুচ্ছেদে, "সাধনপত্রসমূহের বিবরণ" এই শীর্ষকের অধীন স্তম্ভে, "২(১০) ধারা দ্বারা যথাসংজ্ঞানির্ণীত" এই শব্দসমূহ, সংখ্যাসমূহ ও বন্ধনীসমূহের স্থলে, "২৩ক নং অনুযায়ী কোন হস্তান্তরণপত্র নহে এবং" এই শব্দসমূহ, সংখ্যাসমূহ ও অক্ষর সন্নিবেশিত হইবে;

(২) ২৩ অনুচ্ছেদের পর, প্রথম স্তম্ভে নিম্নলিখিত ধারা এবং তৎসংক্রান্ত প্রবিষ্টিসমূহ দ্বিতীয় স্তম্ভে সন্নিবেশিত হইবে ঃ—

"২৩ক। দুইটি ব্যাংকিং কোম্পানীর বা কোন ব্যাংকিং কোম্পানী ও কোন অ-ব্যাংকিং আর্থিক কোম্পানীর একত্রীকরণ, মিলন, পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণ ভিন্ন কোম্পানী-সমূহের একত্রীকরণ, মিলন, পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণ সম্পর্কে ২(১০) ধারায় যথাসংজ্ঞার্থনির্ণীত যে হস্তান্তরণপত্র ৬২ নং-এর অধীনে কোন হস্তান্তররূপে প্রভারিত বা অব্যাহতিপ্রাপ্ত নহে সেই হস্তান্তরণপত্র, কোন দেওয়ানী আদালতের কোন ডিক্রি বা চূড়ান্ত আদেশের বা কোম্পানী আইন ১৯৫৬-র ৩৯৪ ধারার অধীন কোন ট্রাইবিউন্যাল কর্তৃক প্রদত্ত প্রত্যেক আদেশের ভিত্তিতে এরূপ সম্পত্তির যে বাজারমূল্য হস্তান্তরণের বিষয়বস্তু সেই বাজার-মূল্যের উপর নিষ্পাদিত হয় যে সম্পত্তি, যখন উহা পশ্চিমবঙ্গ রাজ্যে অবস্থিত কোন হস্তান্তর-দাতা কোম্পানী কর্তৃক দেওয়ানী আদালতের কোন ডিক্রি বা চূড়ান্ত আদেশ বা কোম্পানী আইন, ১৯৫৬-র ৩৯৪ ধারার অধীন কোন ট্রাইবিউন্যালের প্রত্যেক আদেশ অনুযায়ী কোম্পানীসমূহের ঐরূপ একত্রী-করণ,

বিনিময়ে অথবা অন্যথায়, নির্গমিত বা আবণ্টিত সর্বমোট বাজারমূল্যের উপর হস্তান্তরণ (২৩ নং) রূপে অনুরূপ শুল্ক, এবং প্রতিমূল্য বাবত—

(ক) হস্তান্তরগ্রহীতা কোম্পানী কর্তৃক ঐরূপ একত্রীকরণ বা মিলনের জন্য প্রদত্ত অর্থপরিমাণ ঃ

তবে এই অনুচ্ছেদ অনুযায়ী প্রভারযোগ্য ঐরূপ শুল্কের অর্থ-পরিমাণ—

(i) হস্তান্তরদাতা কোম্পানীর পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে অবস্থিত স্থাবর সম্পত্তির বাজার-মূল্যের দুই শতাংশের সমান অর্থ-পরিমাণ; বা

(ii) বিনিময়ে অথবা অন্যথায়, নির্গমিত বা আবণ্টিত শেয়ারের সর্বমোট বাজারমূল্যের অর্ধ শতাংশের সমান অর্থপরিমাণ এবং ঐরূপ একত্রীকরণের জন্য ঐরূপ হস্তান্তরদাতা কোম্পানী কর্তৃক প্রদত্ত প্রতিমূল্য বাবত অর্থপরিমাণ,

মিলন, পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণের মাধ্যমে হস্তান্তর-গ্রহীতা কোম্পানীর নিকট হস্তান্তরিত হয়।

এতদুভয়ের মধ্যে যাহা অধিকতর হইবে, তাহার অধিক হইবে না;

(খ) পারিণামিক কোম্পানী কর্তৃক ঐরূপ পুনর্গঠন বা বিচ্ছিন্ন-করণের জন্য প্রদত্ত অর্থ-পরিমাণ ঃ

তবে পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণের ক্ষেত্রে, এই অনুচ্ছেদ অনুযায়ী প্রভারযোগ্য ঐরূপ শুল্কের অর্থপরিমাণ—

(i) হস্তান্তরদাতা কোম্পানী কর্তৃক হস্তান্তরিত পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে অবস্থিত স্থাবর সম্পত্তির বাজারমূল্যের দুই শতাংশের সমান অর্থপরিমাণের, বা

(ii) পারিণামিক কোম্পানীকে প্রদত্ত বা আবণ্টিত শেয়ারের সর্বমোট বাজারমূল্য এবং ঐরূপ পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণের জন্য প্রতিমূল্য বাবত প্রদত্ত অর্থপরিমাণ, এতদুভয়ের মধ্যে যাহা অধিকতর হইবে, তাহার অর্ধ শতাংশের সমান অর্থপরিমাণের,

অধিক হইবে না।'';

(৩) অনুচ্ছেদ ৩৫-এ,—

(ক) দফা (ক) এবং তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহের স্থলে, নিম্নলিখিত দফা ও তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহ প্রতিস্থাপিত হইবে ঃ—

''(ক) যেক্ষেত্রে ঐরূপ পাট্টার দ্বারা ভাড়া স্থিরীকৃত হয় ও কোন প্রিমিয়াম প্রদান বা অর্পণ করা হয় না সেক্ষেত্রে—

| | |
|---|---|
| (i) যেস্থলে পাট্টা অনধিক এক বৎসর মেয়াদের জন্য অভিপ্রেত হয়; | সেস্থলে ঐরূপ পাট্টা অনুযায়ী প্রদত্ত, প্রদেয় বা অর্পণযোগ্য সমগ্র অর্থপরিমাণের জন্য বটম্‌রি বন্ড (১৬ নং) রূপে অনুরূপ শুল্ক। |
| (ii) যেস্থলে পাট্টা এক বৎসরের অধিক কিন্তু অনধিক দশ বৎসর মেয়াদের জন্য অভিপ্রেত হয়; | সেস্থলে সংরক্ষিত গড় বার্ষিক ভাড়ার অর্থ-পরিমাণ বা মূল্যের দ্বিগুণের সমান প্রতিমূল্য বাবত হস্তান্তরণ রূপে (২৩ নং) অনুরূপ শুল্ক। |
| (iii) যেস্থলে পাট্টা দশ বৎসরের অধিক কিন্তু অনধিক ত্রিশ বৎসর মেয়াদের জন্য অভিপ্রেত হয়; | সেস্থলে সংরক্ষিত গড় বার্ষিক ভাড়ার অর্থ-পরিমাণ বা মূল্যের তিনগুণের সমান প্রতিমূল্য বাবত, হস্তান্তরণ (২৩ নং) রূপে অনুরূপ শুল্ক। |
| (iv) যেস্থলে পাট্টা ত্রিশ বৎসরের অধিক এবং নবীকৃত যে কোন মেয়াদের জন্য অভিপ্রেত হয়। | সেস্থলে পাট্টার বিষয়বস্তু স্বরূপ সম্পত্তির বাজারমূল্যের উপর, হস্তান্তরণ (২৩ নং) রূপে অনুরূপ শুল্ক।''; |

(খ) (খ) দফা এবং তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহের স্থলে, নিম্নলিখিত দফা ও তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহ প্রতিস্থাপিত হইবে ঃ—

“(খ) যেক্ষেত্রে ঐরূপ পাট্টা কোন জরিমানা বা প্রিমিয়ামের বিনিময়ে বা অগ্রিম অর্থের বিনিময়ে বা অগ্রিম প্রতিভূতি বাবত প্রভারের বিনিময়ে মঞ্জুর করা হইয়া থাকে এবং যেক্ষেত্রে কোন ভাড়া সংরক্ষিত থাকে না—

| | |
|---|---|
| (i) যেস্থলে পাট্টা অনধিক ত্রিশ বৎসর মেয়াদের জন্য অভিপ্রেত হয়; | সেস্থলে ঐরূপ পাট্টায় যথাদর্শিত ঐরূপ জরিমানা বা প্রিমিয়াম বা অগ্রিম অর্থ, বা প্রতিভূতি রূপে প্রদত্ত অগ্রিম প্রভারসমূহের অর্থ-পরিমাণের বা মূল্যের সমপরিমাণ প্রতিমূল্য বাবত হস্তান্তরণ (২৩ নং) রূপে অনুরূপ শুল্ক। |
| (ii) যেস্থলে ঐরূপ পাট্টা ত্রিশ বৎসরের অধিক কোন মেয়াদের জন্য এবং নবীকৃত কোন মেয়াদের জন্য বা স্থায়ীরূপে অভিপ্রেত হয় বা যেস্থলে কোন মেয়াদ উল্লিখিত হয় না। | সেস্থলে পাট্টার বিষয়বস্তু স্বরূপ সম্পত্তির বাজারমূল্যের ভিত্তিতে, হস্তান্তরণ (২৩ নং) রূপে অনুরূপ শুল্ক।”; |

(গ) (গ) দফা এবং তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহের স্থলে, নিম্নলিখিত দফা ও তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহ প্রতিস্থাপিত হইবে ঃ—

“(গ) যেক্ষেত্রে ঐরূপ পাট্টা, সংরক্ষিত ভাড়া ছাড়াও, কোন জরিমানা বা প্রিমিয়ামের বিনিময়ে বা অগ্রিম অর্থের বিনিময়ে বা উন্নয়ন প্রভার বাবত প্রদত্ত অগ্রিমের বিনিময়ে বা অগ্রিম প্রতিভূতি বাবত প্রভারের বিনিময়ে মঞ্জুর করা হয় সেক্ষেত্রে—

| | |
|---|---|
| (i) যেস্থলে কোন পাট্টা অনধিক ত্রিশ বৎসর মেয়াদের জন্য অভিপ্রেত হয়; | সেস্থলে ঐরূপ পাট্টার উপর যদি কোন জরিমানা বা প্রিমিয়াম অগ্রিম প্রদত্ত বা অর্পিত না হইত তাহা হইলে ঐ পাট্টার উপর যে শুল্ক প্রদেয় হইত তাছাড়াও, ঐরূপ পাট্টায় যথা-দর্শিত ঐরূপ জরিমানা বা প্রিমিয়াম বা অগ্রিমের অর্থ-পরিমাণের বা মূল্যের সমপরিমাণ প্রতিমূল্য বাবত, হস্তান্তরণরূপে (২৩ নং) অনুরূপ শুল্ক। |
| (ii) যেস্থলে কোন পাট্টা ত্রিশ বৎসরের অধিক মেয়াদের জন্য এবং নবীকৃত কোন মেয়াদের জন্য বা স্থায়ীরূপে অভিপ্রেত হয় বা যেস্থলে কোন মেয়াদ উল্লিখিত হয় না। | সেস্থলে ঐ পাট্টার বিষয়বস্তু স্বরূপ সম্পত্তির বাজারমূল্যের উপর, হস্তান্তরণরূপে (২৩ নং) অনুরূপ শুল্ক ঃ<br><br>তবে যখন পাট্টার জন্য কোন চুক্তি বা ঐরূপ কোন চুক্তির অনুসরণক্রমে পরবর্তী সময়ে কোন পাট্টা নিষ্পাদিত হয় তখন, ঐরূপ যেকোন ক্ষেত্রে পাট্টার উপর শুল্ক দশ টাকার অধিক হইবে না।”; |

(ঘ) বিদ্যমান *ব্যাখ্যা*, *ব্যাখ্যা* ১ রূপে পুনঃসংখ্যাত হইবে এবং ঐভাবে যথাপুনংসংখ্যাত *ব্যাখ্যা* ১-এর পর, নিম্নলিখিত ব্যাখ্যাসমূহ সন্নিবেশিত হইবে ঃ—

‘*ব্যাখ্যা* ২—“কোন পাট্টা কোন মেয়াদের জন্য অভিপ্রেত হয়” এবং দফা (ক) (iv), বা (খ) (ii) বা (গ) (ii) উল্লিখিত “নবীকৃত কোন মেয়াদের জন্য” এই শব্দসমষ্টি কেবলমাত্র পাট্টার দস্তাবেজে বিবৃত সময়সীমাকে অন্তর্ভুক্ত করিবে না তাহা ছাড়াও ঐরূপ বিবৃত সময়সীমা ও যথাক্রমে বর্ণিত নিরবচ্ছিন্ন সময়সীমার অব্যবহিত

পূর্ববর্তী বা পরবর্তী সকল পূর্বতর বা পরবর্তী এরূপ সময়সীমার যোগফল রূপেও গণ্য হইবে যখন পাট্টাধারী ও পাট্টাদাতা একই থাকিবে।

*ব্যাখ্যা ৩*—ত্রিশ বৎসরের অধিক মেয়াদের জন্য এবং নবীকৃত কোন মেয়াদের জন্য পাট্টার বাজারমূল্যের উপর প্রভারযোগ্য স্ট্যাম্প-শুল্ক, বিবৃত সময়সীমার অব্যবহিত পূর্ববর্তী কোন ছেদ ব্যতিরেকে যে সময়সীমার জন্য পাট্টাগ্রহীতা ও পাট্টাদাতা একই ছিল সেরূপ সকল সময়সীমার জন্য ইতঃপূর্বে প্রদত্ত স্ট্যাম্প শুল্ক বাদ দিয়া যাহা থাকিবে তাহা স্ট্যাম্প শুল্কের অর্থপরিমাণ হইবে।';

(৪) প্রথম স্তম্ভের ৬১ অনুচ্ছেদ-এ এবং দ্বিতীয় স্তম্ভে, তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহের স্থলে, প্রথম স্তম্ভের নিম্নলিখিত অনুচ্ছেদ ও দ্বিতীয় স্তম্ভের তৎসম্পর্কিত প্রবিষ্টিসমূহ প্রতিস্থাপিত হইবে ঃ—

| | |
|---|---|
| "৬১। কোন পাট্টার সমর্পণ যখন ঐরূপ পাট্টা শুল্ক প্রভারযোগ্য হয়; | পাট্টার মেয়াদ নির্বিশেষে একশত টাকা,"। |
| অব্যহতি | |
| কোন পাট্টার সমর্পণ যখন ঐরূপ পাট্টা শুল্ক হইতে অব্যহতিপ্রাপ্ত হয়। | |

**উদ্দেশ্য ও হেতুর বিবরণ।**

এই বিধেয়কে—

(ক) যে যন্ত্রের মাধ্যমে স্ট্যাম্প-শুল্কের প্রদান দর্শাইয়া স্ট্যাম্পের উপর ছাপ দিবার জন্য ব্যবহার করিতে বর্তমানে অনুমতি দেওয়া হয় সেই যন্ত্রের মাধ্যমে সাধনপত্রের দ্রুত রেজিস্ট্রিকরণ সহজসাধ্য করিবার;

(খ) যেক্ষেত্রে কোন দেওয়ানী আদালতের ডিক্রি বা চূড়ান্ত আদেশ অনুযায়ী অথবা কোম্পানী আইন, ১৯৫৬ (১৯৫৬-র ১)-র ৩৯৪ ধারা অনুযায়ী ট্রাইবিউন্যালের প্রত্যেক আদেশ অনুযায়ী, দুইটি ব্যাংকিং কোম্পানি বা একটি ব্যাংকিং কোম্পানির সহিত একটি অ-ব্যাংকিং আর্থিক কোম্পানির একত্রীকরণ, মিলন, পুনর্গঠন বা বিচ্ছিন্নকরণ ভিন্ন কোম্পানীসমূহের একত্রীকরণ, মিলন, পুনর্গঠন বা বিচ্ছিন্ন হইবার ক্ষেত্রে স্ট্যাম্প-শুল্ক প্রভারিত করিবার;

(গ) যেক্ষেত্রে, যে সম্পত্তি কোন পাট্টার বিষয়বস্তু হয় সেই সম্পত্তির বাজারমূল্যের ভিত্তিতে, ত্রিশ বৎসরের অধিক মেয়াদের জন্য এবং নবীকৃত কোন মেয়াদের জন্য কোন পাট্টা অভিপ্রেত হয় সেক্ষেত্রে ঐরূপ পাট্টা-দলিলের রেজিস্ট্রিকরণের জন্য স্ট্যাম্প-শুল্ক প্রভারিত করিবার

উদ্দেশ্যে ভারতীয় স্ট্যাম্প আইন, ১৮৯৯ (১৮৯৯-এর ২), পশ্চিমবঙ্গে উহার প্রয়োগ সম্পর্কে, সংশোধন করিতে চাওয়া হইয়াছে।

২। যেহেতু ভারতের রাষ্ট্রপতি, স্বীয় সন্তুষ্টিক্রমে ভারতীয় স্ট্যাম্প (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ২০০৩ (২০০৩-এর ৩৮ নং বিধেয়ক)-এর প্রকরণ ৩-এর (১) উপ-প্রকরণের দফা ক-এর সংপরিবর্তন চাহিয়া উক্ত বিধেয়কে তাঁহার সম্মতি প্রদান স্থগিত রাখিয়াছেন, অতএব "হস্তান্তরণ" এই শব্দের সংজ্ঞা তদনুসারে এই বিধেয়কে সংশোধিত হইয়াছে।

৩। উপরি-উক্ত উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রাখিয়া এই বিধেয়ক রচিত হইয়াছে।

৪। এই বিধেয়কের সহিত কোন আর্থিক দায়ভার জড়িত নাই।

কলকাতা,
*১লা জুলাই, ২০১০।*

**অসীম কুমার দাশগুপ্ত,**
*ভারপ্রাপ্ত সদস্য।*

সরস্বতী প্রেস লিমিটেড (পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ), কলকাতা-৭০০ ০৫৬ হইতে মুদ্রিত।